DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 23 Nov 2026, 11:09 PM

সারাদেশ

দুপুরের মধ্যে ঢাকাসহ ১২ জেলায় ঝড়-বৃষ্টির পূর্বাভাস

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শনিবার, ২১ নভেম্বর ২০২৬, ০৭:৪৩ AM



ঢাকাসহ দেশের ১২ জেলায় দুপুর ১টার মধ্যে ঝড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা

ঢাকাসহ দেশের ১২ জেলায় দুপুর ১টার মধ্যে ঝড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ সময় ঘণ্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর।

শনিবার (২১ নভেম্বর) ভোর ৫টা থেকে দুপুর ১টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরগুলোর জন্য দেওয়া আবহাওয়ার পূর্বাভাসে এ তথ্য জানানো হয়।

পূর্বাভাসে বলা হয়েছে, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, পাবনা, টাঙ্গাইল, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম ও কক্সবাজার অঞ্চলের ওপর দিয়ে দক্ষিণ-পশ্চিম অথবা দক্ষিণ দিক থেকে ঘণ্টায় ৪৫ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে।

এ সময় সংশ্লিষ্ট এলাকাগুলোতে অস্থায়ীভাবে বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এ পরিস্থিতিতে এসব অঞ্চলের নদীবন্দরগুলোকে ১ নম্বর সতর্কসংকেত দেখাতে বলেছে আবহাওয়া অধিদপ্তর।

এ বিভাগের আরও খবর



কসবায় ভোক্তা অধিদপ্তরের অভিযান, চার প্রতিষ্ঠানকে ৫০ হাজার টাকা জরিমানা
ব্রাহ্মণবাড়িয়ার কসবা উপজেলার কুটি বাজারে গ্যাস সিলিন্ডার, বেকারি পণ্য ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজারে অভিযান চালিয়ে চারটি প্রতিষ্ঠানকে মোট ৫০...



আখাউড়ায় জুলাই আন্দোলনের বিস্ফোরক মামলায় এনসিপি নেতা গ্রেপ্তার, থানার সামনে বিক্ষোভ
ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ায় জুলাই আন্দোলন-সংশ্লিষ্ট বিস্ফোরক মামলায় সায়েব আলী নামের জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) এক নেতাকে গ্রেপ্তার করেছে পুলি...



সুনামগঞ্জে নারী শিক্ষা ও কর্মসংস্থান নিয়ে সামাজিক নিরীক্ষার প্রতিবেদন জেলা প্রশাসকের কাছে হস্তান্তর
সুনামগঞ্জের চার উপজেলায় নারী শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ-সুবিধা, প্রতিবন্ধকতা ও সম্ভাবনা নিয়ে পরিচালিত সামাজিক নিরীক্ষার প্র...



ব্রাহ্মণবাড়িয়ায় ফিজিশিয়ান স্যাম্পল বিক্রি, তিন ফার্মেসিকে জরিমানা

ব্রাহ্মণবাড়িয়া পৌর শহরে বিক্রয় নিষিদ্ধ ফিজিশিয়ান স্যাম্পল অবৈধভাবে মজুত ও বিক্রির দায়ে তিনটি ফার্মেসিকে ১৬ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্য...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/dupurer-mdhje-dhakash-12-jelay-jhr-brishtir-purbabhas